

# ■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১২

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَن عبد الله بن عَمْرِو قَالَ: مَا رُئِيَ رَسُولَ النَّهِ صَلَّى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ مُتَّكِئًا قَطُّ وَلَا يَطَأُ عقبه رجلَان. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

8২১২-[৫৪] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কখনো হেলান দিয়ে খাবার খেতে দেখা যায়নি। আর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দু'জন লোককেও পিছনে রেখে চলেননি। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩৭৭০, সহীহ ইবনু মাজাহ ২৪৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১০৪, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৮১৪, মুসনাদে আহমাদ ৬৫৪৯, শু'আবুল ঈমান ৫৯৭২, সহীহুল জামি' ৪৮৪০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (مَا رُئِيَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْكُلُ مُتَّكِبًا قَطُّ) "রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে কখনোই হেলান দিয়ে খেতে দেখা যায়নি"। অর্থাৎ তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) চারজানু হয়ে বসে অথবা একদিকে হেলে পরে খাবার খাননি।

(وَلَا يَطَأُ عَقِبَهُ رَجُلَانِ) "তাঁর পিছনে দু'জন মানুষ তাকে অনুসরণ করেননি।" অর্থাৎ তিনি লোকজনের সামনে তথা অগ্রে চলেননি। বরং তিনি লোকজনের মাঝখানে অথবা পিছনে চলতেন। এটা ছিল তাঁর নম্রতার বহিঃপ্রকাশ। (মিরক্বাতুল মাফাতীহ; 'আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ত, হাঃ ৩৭৬৭)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন